তারিখ ... 16 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

সমকাল

# ব্রজমোহন কলেজে ২০ বছর পর আবার উচ্চ মাধ্যমিকে ভর্তি

■ বরিশাল ব্যুরো

বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে দীর্ঘ ২০ বছর পর পুনরায় একাদশ শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির উদ্যোগ নেওয়া হয়েছে। চলতি বছর এ কলেজে বিজ্ঞান শাখায় ভর্তির সুযোগ পাবে ৩০০ শিক্ষার্থী। ইতিমধ্যে ক্লাসরুমের জন্য অবকাঠামোসহ ভর্তির যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। আগামী ২৬ মে থেকে ছাত্রছাত্রী ভর্তি শুরু হবে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর স ম ইমানুল হাকিম জানান, ১৯৯৬ সালে মন্ত্রণালয়ের নির্দেশে উচ্চ মাধ্যমিক শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখা হয়েছিল। ২০ বছর পর আবার উচ্চ মাধ্যমিক শ্রেণীতে বিএম কলেজে শিক্ষার্থী ভর্তি শুরু হবে ২৬ মে থেকে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটাতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।